রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১, ২০২০

## ৬ষ্ঠ খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

**বাংলাদেশের**
**কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়**

**অফিস আদেশ**

তারিখ : ১৩ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **সিএজি/জিবি-১/পিএফ-৫৭৫(৮৮)/৯১**—জনাব মোহাম্মদ জাকির হোসেন, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা এর জন্ম তারিখ : ২০-১০-১৯৬১ খ্রিঃ। জন্ম তারিখ অনুযায়ী ১৯-১০-২০২০ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে বিধায় তাঁকে ১৯-১০-২০২০ খ্রিঃ তারিখ থেকে তাঁর আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। জনাব মোহাম্মদ জাকির হোসেন, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর ছুটি পাওনা থাকায় তাঁর অনুকূলে ২০-১০-২০২০ খ্রিঃ তারিখ হতে ১৯-১০-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) এবং লাম্পগ্র্যান্ট হিসেবে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ আদিষ্ট হয়ে মঞ্জুর করা হলো।

**মোসাঃ মাকসুদা বেগম**
অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

---

**অতিরিক্ত পরিচালকের কার্যালয়**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**যশোর অঞ্চল, যশোর।**

**স্মারকলিপি**

তারিখ : ১৭ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **১২.১৬.৪১০০.০৩৯.১৯.১০৫.১৯/৯৭৭(৮)**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোরের অধীনস্থ নিম্নলিখিত কর্মকর্তা' কে একই বেতন স্কেল ও পদে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সংযুক্তিতে বদলি/পদায়ন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | মূল কর্মস্থল | সংযুক্তিতে বদলি/পদায়নকৃত কর্মস্থল (নতুন কর্মস্থল) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | জনাব মোছাঃ মাহ্‌মুদা আক্তার<br>কৃষি সম্প্রসারণ কর্মকর্তা<br>পরিচিতি নং-৩৩২১ | উপজেলা কৃষি অফিস, মনিরামপুর, যশোর | উপজেলা কৃষি অফিস, যশোর সদর, যশোর। | |

এই আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

**পার্থ প্রতিম সাহা**
অতিরিক্ত পরিচালক।

---

**কর কমিশনার এর কার্যালয়**
**কর অঞ্চল-২, চট্টগ্রাম।**

**আদেশ**

তারিখ : ১৮ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **২ই-২/২০২০/৩৪৩(১-৪৫)**—এ কর অঞ্চলে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর কার্যালয়ে বদলি/পদায়ন/অতিরিক্ত দায়িত্ব প্রদান/অতিরিক্ত দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) | পদস্থ/বদলিকৃত কর্মস্থল | অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মস্থল | অতিরিক্ত দায়িত্ব হতে অব্যাহতি প্রাপ্ত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | জনাব মোঃ ইদ্রিস আলী বিশ্বাস<br>উপ কর কমিশনার<br>সার্কেল-২৫(কোম্পানীজ),<br>কর অঞ্চল-২, চট্টগ্রাম। | -- | -- | সার্কেল-৩২ (বৈতনিক)<br>কর অঞ্চল-২<br>চট্টগ্রাম। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২. | মিজ্ তাসনিম আফরিন লিসা উপ কর কমিশনার সার্কেল-২৮, কর অঞ্চল-২, চট্টগ্রাম। | সার্কেল-২৯ (কোম্পানীজ) কর অঞ্চল-২ চট্টগ্রাম। | -- | -- |
| ৩. | জনাব মোঃ নাজমুল আহসান উপ কর কমিশনার সার্কেল-২৯ (কোম্পানীজ) কর অঞ্চল-২, চট্টগ্রাম। | সার্কেল-২৬ কর অঞ্চল-২ চট্টগ্রাম। | -- | -- |
| ৪. | জনাব মোঃ নেফাউল ইসলাম সরকার উপ কর কমিশনার সার্কেল-২৬ কর অঞ্চল-২, চট্টগ্রাম। | সার্কেল-২৮ কর অঞ্চল-২ চট্টগ্রাম। | -- | -- |
| ৫. | জনাব অনুপম দাশ সহকারী কর কমিশনার সার্কেল-২৭ কর অঞ্চল-২, চট্টগ্রাম। | -- | সার্কেল-৩২ (বৈতনিক) কর অঞ্চল-২ চট্টগ্রাম। | -- |

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

**জি এম আবুল কালাম কায়কোবাদ**
কর কমিশনার।

---

**প্রধান প্রকৌশলীর কার্যালয়**
**গণপূর্ত অধিদপ্তর**
**সংস্থাপন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৭/০৫ আগস্ট ২০২০

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৮.১৩-৭৮৮**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নে বর্ণিত কর্মকর্তাগণকে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

০১. জনাব রিসালাত বারি, উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

০২. জনাব সিফাত ওয়াসী, উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম) (চঃ দাঃ), রাজশাহী গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১, রাজশাহী—উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম) (চঃ দাঃ), গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, ঢাকা।

০৩. জনাব জান্নাত-ই-নূর, সহকারী প্রকৌশলী (ই/এম)/স্ব-পদে স্ব-বেতনে উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ—সহকারী প্রকৌশলী (ই/এম), স্ব-পদে স্ব-বেতনে উপ-বিভাগীয় প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১, রাজশাহী।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আশরাফুল আলম**
প্রধান প্রকৌশলী।

**গণযোগাযোগ অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **১৫.৫৬.২৬৬.০০১.১১.০৬৫.২০-১৬৭৬**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ০৯-০৯-২০১৯ তারিখের ৮০.১০২.০১১.০০.০০.০০৯.২০১৫-২৩৪ নম্বর পত্রের সুপারিশ এবং তথ্য মন্ত্রণালয়ের ২৯-০৭-২০২০ তারিখের ১৫.০০.০০০০.০২৫.১১.০০৩.১৮-১৪৮ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে, নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) জন প্রার্থীকে এ অধিদপ্তরে 'সহকারী তথ্য অফিসার' (২য় শ্রেণি) পদে ৮ম জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেডে (১৬,০০০—৩৮,৬৪০/- টাকার স্কেলে) নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান পূর্বক তাঁদের নামের পার্শ্বে বর্ণিত জেলায় পদায়ন করা হলো। তাঁরা ২৫-০৮-২০২০ তারিখের মধ্যে বর্ণিত জেলায় যোগদান করবেন এবং ২৬-০৮-২০২০ তারিখ সদর দপ্তরে রিপোর্ট করার জন্য নির্দেশ দেওয়া হলো।

| ক্রঃ নং | রেজিঃ নম্বর | প্রার্থীর নাম | জেলার নাম |
|---|---|---|---|
| ১. | ০৩৭৬০৮ | জনাব মোঃ রায়হানুল আলম | জেলা তথ্য অফিস, ঢাকা |
| ২. | ১০৮৩৩৮ | জনাব মোঃ রাশেদুল হাসান পলাশ | জেলা তথ্য অফিস, জামালপুর |
| ৩. | ০০৬৮৬৯ | জনাব মোঃ বেনজীর আহমেদ | জেলা তথ্য অফিস, টাঙ্গাইল |
| ৪. | ০০৩১০১ | জনাব তরুন কুমার মন্ডল | জেলা তথ্য অফিস, পাবনা |
| ৫. | ৭০১৮৮৪ | বেগম আফসানা আখতার | জেলা তথ্য অফিস, কুড়িগ্রাম |

২। (ক) তাঁদের ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তাঁরা চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁদের চাকরি হতে অপসারণ করা যাবে;

(খ) তাঁদের শিক্ষানবিশি মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদে তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাঁরা প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁদের নিয়োগ স্থায়ী করা হবে।

(গ) কোনো প্রার্থী চাকরি থেকে ইস্তফা দিতে চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে আবেদন করবেন অথবা ১৪ (চৌদ্দ) দিনের বেতন বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূলকপিসহ কর্তৃপক্ষ বরাবরে আবেদন পেশ করবেন।

(ঘ) বাংলাদেশ সরকারী কর্মকমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঙ) The Government Servant (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

(চ) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হবে না যতক্ষণ না সরকারি আদেশ বলে সময়ে সময়ে যে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন করবেন।

(ছ) চাকরিতে এ প্রথম যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণভাতা/ দৈনিকভাতা পাবেন না।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আকতার হোসেন**
মহাপরিচালক (চলতি দায়িত্ব)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।**
**(মাঠ প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৪.১৮-২৯৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/ পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | সাদিয়া জেরিন (১৭৩৫২)<br>সিনিয়র সহকারী কমিশনার<br>নিজ জেলা : রাজবাড়ী<br>স্পাউসের জেলা: রাজবাড়ী | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯-০৭-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০০৮.১৯-১৯৫নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্তকৃত) | জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া |
| ০২ | মোঃ তারিফ-উল-হাসান (১৭৫৭৬)<br>সিনিয়র সহকারী কমিশনার<br>নিজ জেলা : চুয়াডাঙ্গা<br>স্পাউসের জেলা : মেহেরপুর | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯-০৭-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০০৮.১৯-১৯৫ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্তকৃত) | জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা |

০২। উল্লিখিত কর্মকর্তাদ্বয় ১২-০৮-২০২০ তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাদেরকে এ কার্যালয় থেকে কোন বেতন/ ভাতাদি প্রদান করা হয়নি।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার**
বিভাগীয় কমিশনার।

**জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।**
**(এলএ শাখা)**
**ভূমি অধিগ্রহণ কেস নং ০৮/২০১৯-২০২০ নওগাঁ**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**(ঘোষণা)**

**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফশীল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলাঃ নওগাঁ, উপজেলাঃ নওগাঁ সদর, মৌজাঃ চকবিরাম, জেএলঃ ১২৪।

| আরএস খতিয়ান নং | আরএস দাগ নং | মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৪৫ | ১৬২ | ০.৪৭ | ০.৩০ |
| | | | মোট= ০.৩০ একর |

মোট জমির পরিমাণ কম/বেশি = ০.৩০ (শূন্য দশমিক তিন শূন্য) একর।

ভূমি নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**মোঃ হারুন-অর-রশীদ**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।**
**ভূমি অধিগ্রহণ শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ০৫ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **০৫.৪৪.৬৫০০.২০৫.০৪.০২৮.২০-১৭৯(৫)**—আমি আনজুমান আরা, জেলা প্রশাসক, নড়াইল মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ জুন, ১৯৮৪ তারিখের সিডি/ডিএ-১/১২(৪)/৮৪-২২৩(৭০) নম্বর স্মারকের ক্ষমতাবলে নড়াইল কালেক্টরেটের ভূমি অধিগ্রহণ কর্মকর্তা জনাব শাহীনা নাছরিন (পরিচিতি নম্বর-১৭৮৭৮) কে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত ক্ষমতা অর্পণ করলাম :

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ২(৫) ধারা অনুসারে জেলা প্রশাসকের পক্ষে দায়িত্ব সম্পাদন করার ক্ষমতা এবং উক্ত আইনের ৪৮ নম্বর ধারার ক্ষমতা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আনজুমান আরা**
জেলা প্রশাসক।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মুক্তাগাছা, ময়মনসিংহ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৭ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ/২২ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

নং **০৫.৪৫.৬১৬৫.০০০.৫৫.০৫৮.১৫-৭০৫**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার ৬ নং মানকোন ইউনিয়ন পরিষদের সংরক্ষিত-০১ (সাধারণ ১,২,৩ নং ওয়ার্ড) সংরক্ষিত মহিলা সদস্য জনাব নাজমিন আক্তার লাভলী, স্বামী-মোফাজ্জল হোসেন (খোকন), গ্রাম : মোজাটি চরপাড়া, উপজেলা : মুক্তাগাছা, জেলা : ময়মনসিংহ ত্রাণ প্রদানের নামে চাঁদা আদায়ের অভিযোগে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪), (ঘ) ধারায় একই আইনের ৩৪ (৫) ধারা অনুযায়ী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এর ইপ-১ অধিশাখার ২১-০৭-২০২০ ইং তারিখের ৬৯৪ নং স্মারকের প্রজ্ঞাপন অনুসারে তাঁর স্বীয় পদ থেকে বরখাস্ত করায় এবং বর্ণিত প্রজ্ঞাপনের ০২ নং অনুচ্ছেদে বর্ণিত আসনটি শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারির নির্দেশনা থাকায় আমি সুবর্ণা সরকার, উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ উক্ত আইনের ৩৫(২) অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে ময়মনসিংহ জেলাধীন মুক্তাগাছা উপজেলার ০৬ নং মানকোন ইউনিয়ন পরিষদের সংরক্ষিত-০১ (সাধারণ ১,২,৩ নং ওয়ার্ড) সংরক্ষিত মহিলা সদস্য পদটি ২২-০৭-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**সুবর্ণা সরকার**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নড়িয়া, শরীয়তপুর।**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ১০ আগস্ট, ২০২০ খ্রিঃ

নং **০৫.৩০.৮৬৬৫.০০০.০৮.০১৮.২০-৪৪৮**—যেহেতু, নড়িয়া উপজেলার কেদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলমগীর হোসাইন, পিতা-মৃত আঃ করিম মাল, মাতা-মৃত নুরজাহান আক্তার, গ্রাম-পাঁচগাঁও, ০৯ নং ওয়ার্ড, ইউনিয়ন-কেদারপুর, পোঃ চন্ডিপুর, উপজেলা-নড়িয়া, জেলা-শরীয়তপুর গত ২৩-০৬-২০১১ খ্রিঃ তারিখের ইউনিয়ন পরিষদ নির্বাচনে জয়লাভ করে ০৩-০৮-২০১১ খ্রিঃ তারিখে শপথ গ্রহণ করেন এবং বিদেশে অবস্থান করায় ও শারীরিক অসুস্থতার জন্য গত ০৯-০৮-২০২০ খ্রিঃ তারিখে স্বেচ্ছায় পদত্যাগ পত্র দাখিল করেন।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩২ ধারা মোতাবেক পদত্যাগপত্র গৃহীত হওয়ায় এবং উক্ত আইনের ৩৫(১) এর (ঘ) ধারা মোতাবেক ৩৫(২) ধারার ক্ষমতাবলে আমি নিম্ন স্বাক্ষরকারী জয়ন্তী রূপা রায়, উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে নড়িয়া উপজেলার কেদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলমগীর হোসাইন-এর পদত্যাগের দিন অর্থাৎ ০৯-০৮-২০২০ খ্রিঃ তারিখ হতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-পদটি শূণ্য ঘোষণা করলাম।

নং **০৫.৩০.৮৬৬৫.০০০.০৮.০১৮.২০-৪৫০**—যেহেতু, নড়িয়া উপজেলার রাজনগর ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মনু দেওয়ান, পিতা-মৃত এলাহী দেওয়ান, মাতা-মৃত ছয়ফল বিবি, গ্রাম-হাসের কান্দি, ০৬ নং ওয়ার্ড, ইউনিয়ন-রাজনগর, পোঃ রাজনগর মাদ্রাসা, উপজেলা-নড়িয়া, জেলা-শরীয়তপুর গত ১১-০৭-২০২০ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (১) (ঙ) এবং ৩৫ (২) ধারার ক্ষমতাবলে আমি নিম্ন স্বাক্ষরকারী জয়ন্তী রূপা রায়, উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে নড়িয়া উপজেলার রাজনগর ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের সাধারণ সদস্য মৃত জনাব মনু দেওয়ান-এর মৃত্যুর দিন অর্থাৎ ১১-০৭-২০২০ খ্রি. তারিখ হতে সংশ্লিষ্ট ওয়ার্ডের সাধারণ সদস্য-পদটি শূণ্য ঘোষণা করলাম।

**জয়ন্তী রূপা রায়**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর।**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ১৬ আগস্ট ২০২০ খ্রি.

**নং ০৫.১২.২৯৮৪.০০০.১৮.০১৭.২০-৫৩১(৮)**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার সদরপুর উপজেলাধীন ৬নং কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ শহিদুল ইসলাম গত ১২-০৭-২০২০ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। এমতাবস্থায়, আমি পূরবী গোলদার, উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫ এর (২) উপধারা (১) অনুযায়ী ৬নং কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ড সদস্য পদ ১২-০৭-২০২০ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**পূরবী গোলদার**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মধুখালী, ফরিদপুর।**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ০৯ আগস্ট ২০২০ খ্রি.

**নং ০৫.১২.২৯৫৬.০০১.০১.০৩৫.১৯-৪১৯**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মধুখালী উপজেলাধীন ০৫ নং রায়পুর ইউনিয়ন পরিষদের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের নির্বাচিত সংরক্ষিত সদস্য মোছাঃ সেলিনা বেগম গত ১৭-০৭-২০২০ খ্রিঃ তারিখে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে আকস্মিক মৃত্যুবরণ করেন। এমতাবস্থায়, আমি মোঃ মোস্তফা মনোয়ার, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর আমার উপর অর্পিত ক্ষমতাবলে ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৩৫ (২) এর ১ উপ-ধারা মোতাবেক রায়পুর ইউনিয়নের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত সদস্য পদটি ১৭-০৭-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ মোস্তফা মনোয়ার**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**হাজীগঞ্জ, চাঁদপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৩০ জুলাই ২০২০ খ্রিঃ

**নং ০৫.৪২.১৩৪৯.০০০.০০৯.০১৪.২০২০-২৮৭**—চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলার ৩নং কালচোঁ (উত্তর) ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ দেলোয়ার হোসেন প্রধানীয়া, পিতা-মৃত মোঃ হাতেম আলী, মাতা-মৃত রেজিয়া বেগম, সাং-রাজাপুর, ইউনিয়ন-৩নং কালচোঁ (উত্তর), উপজেলা-হাজীগঞ্জ, জেলা-চাঁদপুর গত ২১-০৭-২০২০ খ্রি. তারিখ মৃতুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) এর ধারা মোতাবেক সদস্য পদ শূন্য হওয়ায় একই আইনের ৩৫(২) উপ-ধারার ক্ষমতা বলে আমি বৈশাখী বড়ুয়া, উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে এ বিজ্ঞপ্তি জারি করে গত ২১-০৭-২০২০ খ্রি. তারিখ হতে চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলার ৩নং কালচোঁ (উত্তর) ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**বৈশাখী বড়ুয়া**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১০ আগস্ট ২০২০ খ্রি.

**নং ০৫.৪২.১২০৭.০০০.১৮.০২৩.২০-৮১০**—ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলাধীন ৬নং পত্তন ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ শাহ আলম ভূইয়া, পিতা-মৃত জলফু মিয়া, গ্রাম-লক্ষীপুর, উপজেলা-বিজয়নগর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া ১৮-০৭-২০২০ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারা মোতাবেক মৃত্যুজনিত কারণে পদটি শূন্য হওয়ায় আমি কে. এম. ইয়াসির আরাফাত, উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলাধীন ৬ নং পত্তন ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য পদটি ১৮-০৭-২০২০ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**কে.এম. ইয়াসির আরাফাত**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মীরসরাই, চট্টগ্রাম।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৫ আগস্ট ২০২০ খ্রিঃ

**নং ০০.৫০৪.০০৪.০৬.১০.০৬৬.১৯-৫৭৮**—চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলাধীন ১০নং মিঠানালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব খায়রুল আলম (৫৭), পিতা-মৃত হাজী মনির আহম্মদ, সাং-পশ্চিম মিঠানালা, ওয়ার্ড নং-০৫, উপজেলা-মীরসরাই, জেলা-চট্টগ্রাম গত ০৪-০৮-২০২০ খ্রিঃ তারিখ আনুমানিক ০৮.৩০ ঘটিকার সময় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) এবং একই ধারার (২) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতা বলে আমি মোহাম্মদ রুহুল আমিন, উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম উক্ত পদটি ০৫-০৮-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ রুহুল আমিন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**আগৈলঝাড়া, বরিশাল।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১০ আগস্ট ২০২০ খ্রিঃ

**নং ০৫.১০.০৬০২.০০০.৩৫.০১১.১৮-১৫১**—বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলাধীন বাগধা ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য জনাব হাজী মোঃ ইউনুছ মিয়া, পিতা-মৃত হাজী মোঃ মোবারক মিয়া, গ্রাম-খাজুরিয়া বিগত ০৬-০৮-২০২০ খ্রি. তারিখ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ............. রাজিউন)। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ০৯-০৮-২০২০ খ্রি. তারিখ বাগধা/ইউপি/ ২০-৪৭১ নং স্মারকে অত্র অফিসকে অবহিত করেন।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারার বিধানমতে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি ইসরাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার (অতিঃ দায়িত্ব), আগৈলঝাড়া, বরিশাল অত্র আগৈলঝাড়া উপজেলার অন্তর্গত ০৩ নং বাগধা ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের সদস্য পদটি ০৬-০৮-২০২০ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করা হলো।

**ইসরাত জাহান**
উপজেলা নির্বাহী অফিসার (অতিঃ দায়িত্ব)।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রাজাপুর, ঝালকাঠি।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ আগস্ট ২০২০ খ্রি.

**নং ০৫.১০.৪২৮৪.০১৮.০৬.০১৭.২০-৫৮৯**—চেয়ারম্যান, শুক্তাগড় ইউনিয়ন পরিষদের ০৫-০৮-২০২০ তারিখের প্রতিবেদন, যেহেতু, ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন ২ নং শুক্তাগড় ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব আনোয়ার হোসেন, পিতা-মৃত মোঃ আবুল কাসেম সিকদার, গ্রাম-কাঠিপাড়া, ডাকঘর-শুক্তাগড়, উপজেলা-রাজাপুর, জেলা-ঝালকাঠি গত ১০-০৭-২০২০ খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ১০-২৫ ঘটিকার সময় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে বরিশাল সেবাচিম হাসপাতালে নেয়ার সময় পথে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৯ বছর ০৬ মাস ০৭ দিন।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ এর উপধারা ০১(ঙ) মোতাবেক উপধারা ২ এর প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ সোহাগ হাওলাদার, উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে গত ১১-০৭-২০২০ খ্রিঃ তারিখ পূর্বাহ্ণ হতে ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন ২নং শুক্তাগড় ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য পদটি শুন্য ঘোষণা করলাম।

**মোঃ সোহাগ হাওলাদার**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**লাখাই, হবিগঞ্জ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/১২ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৬.৩৬৬৮.০০১.০১.২৩০.২০-৫১৭**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার উপধারা (২) এর ক্ষমতাবলে আমি লুসিকান্ত হাজং, উপজেলা নির্বাহী অফিসার, লাখাই, হবিগঞ্জ সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, লাখাই উপজেলার অন্তর্গত ০৪ নং বামৈ ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ডের সাধারণ আসনে নির্বাচিত সদস্য জনাব মোস্তফা মিয়া, পিতা-মৃত আব্দুল মোতালিব, গ্রাম-ভাদিকারা, পোঃ কালাউক বিগত ০৮-০৮-২০২০ খ্রিস্টাব্দ তারিখ রোজ শনিবার রাত ১০.০০ টার সময় লাখাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করায় স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ৩৫ ধারার উপধারা (ঙ) মোতাবেক ০৪ নং বামৈ ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ০৮-০৮-২০২০ খ্রিস্টাব্দ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**লুসিকান্ত হাজং**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বদলগাছী, নওগাঁ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০২ ভাদ্র ১৪২৭/১৭ আগস্ট ২০২০

**নং ০৫.৪৩.৬৪০৬.০০০.০৪.০১৬.২০২০-৯৬২**—নওগাঁ জেলার বদলগাছী উপজেলাধীন ২নং মথুরাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুর রহমান গত ২৯-০৬-২০২০ তারিখ রোজ সোমবার বিকাল ৩.৪০ ঘটিকায় লিভার ক্যান্সারজনিত রোগে মৃত্যুবরণ করায় আমি মুহাঃ আবু তাহির, উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) এর উপ-ধারা (১) মোতাবেক আমি আমার উপর অর্পিত ক্ষমতাবলে বদলগাছী উপজেলাধীন ২নং মথুরাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুর রহমান এর চেয়ারম্যান পদ ২৯-০৬-২০২০ তারিখ থেকে এতদ্বারা শূন্য ঘোষণা করলাম।

**মুহাঃ আবু তাহির**
উপজেলা নির্বাহী অফিসার।

**বাংলাদেশের**
**কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়।**

**অফিস আদেশ**

তারিখ : ০৪ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/২০১৯/০২/৩০**—জনাব মোঃ শহিদুল ইসলাম মোল্যা, অডিট এন্ড একাউন্টস্ অফিসার, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা-কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১ জুলাই, ২০২০ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০১৪.১৭.৫০৯ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে নারায়ণগঞ্জের আড়াইহাজারে জাপানীজ অর্থনৈতিক অঞ্চলের জন্য অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ প্রধানমন্ত্রীর কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-৯) পদে স্ববেতনে প্রেষণে নিয়োগের নিমিত্ত তাকে বদলীপূর্বক তার চাকরি প্রধানমন্ত্রীর কার্যালয়ে ন্যস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, তাকে প্রেষণে নারায়ণগঞ্জের আড়াইহাজারে জাপানীজ অর্থনৈতিক অঞ্চলের জন্য অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ প্রধানমন্ত্রীর কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-৯) পদে স্ববেতনে যোগদানের জন্য ১৩-০৮-২০২০ খ্রিঃ তারিখ (অপরাহ্নে) আদিষ্ট হয়ে অব্যাহতি প্রদান করা হলো।

৩। প্রেষণে কর্মরত থাকাকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তার ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য হবে :

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি প্রেষণে পদস্থাপিত অফিসে ৩ (তিন) বছরের জন্য বহাল থাকবে;

(খ) সরকারি কাজের স্বার্থে কর্তৃপক্ষ তাকে যে কোনো সময় এই বিভাগে ফেরত আনতে পারবে;

(গ) সংশ্লিষ্ট কর্মকর্তা সরকার কর্তৃক অনুমোদিত বেতন-ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঘ) এ কার্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে তার পদবি, পদমর্যাদা, দায়িত্ব বা কর্তব্য পরিবর্তন করা যাবে না।

**মোসাঃ মাকসুদা বেগম**
অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

---

**দুর্নীতি দমন কমিশন, ঢাকা।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ শ্রাবণ ১৪২৭/১৩ আগস্ট ২০২০

নং **০০.০১.০০০০.১০৪.১৩.০০১.২০.৫৬৫**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত পরিচালক জনাব নিরু শামসুন নাহার-এর বয়স ২২-০৮-২০২০ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হবে। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩(১)(ক) ধারা মতে ২২-০৮-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ২৩-০৮-২০২০ হতে ২২-০৮-২০২১ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (পি.আর.এল) যুগপৎভাবে মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মোহাম্মদ আব্দুল আওয়াল**
পরিচালক।

**অতিরিক্ত পরিচালকের কার্যালয়**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**যশোর অঞ্চল, যশোর।**

**স্মারকলিপি**

তারিখ : ০৬ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **১২.১৬.৪১০০.০৩৯.১৯.১০৫.১৯-৯৩৮(১১)**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোরের অধীনস্থ নিম্নলিখিত কর্মকর্তাকে একই বেতন স্কেল ও পদে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলী করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | জনাব মোঃ নূর-এ-নবী<br>কৃষি সম্প্রসারণ কর্মকর্তা<br>পরিচিতি নং-৩৪০২ | উপজেলা কৃষি অফিস<br>কোটচাঁদপুর, ঝিনাইদহ। | উপজেলা কৃষি অফিস<br>মাগুরা সদর, মাগুরা। | |

এই আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

**পার্থ প্রতিম সাহা**
অতিরিক্ত পরিচালক।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রংপুর বিভাগ, রংপুর।**
**রাজস্ব শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৭/০৬ আগস্ট ২০২০

নং **০৫.৪৭.০০০০.০০৮.০১.০০৪.২০.৩৯৩**—ভূমি মন্ত্রণালয়ের ১৫-০৭-২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১৯.০৩১.১৯.২৮৬ নং প্রজ্ঞাপন মূলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে রংপুর বিভাগ, রংপুরে ন্যস্ত করায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | জনাব হাসান মোঃ হাফিজুর রহমান<br>পরিচিতি নং-১৮০১৭ | গাইবান্ধা | উপজেলা ভূমি অফিস<br>কাহারোল, দিনাজপুর। |

২। বর্ণিত কর্মকর্তাগণকে স্ব স্ব অধিক্ষেত্রে রেন্ট সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত ১৯১৩ সালের পিডিআর এ্যাক্টের ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**কে. এম. তারিকুল ইসলাম**
বিভাগীয় কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।**
**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ জুলাই ২০২০ খ্রিঃ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৪.১৮-২৮৫**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | গালিব মাহমুদ পাশা (১৮৫০৩)<br>সহকারী কমিশনার<br>নিজ জেলা : বাগেরহাট<br>স্পাউসের জেলা : ময়মনসিংহ। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১২-০৩-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০৪১.১৯-১৩৬ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্তকৃত) | বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৫ আগস্ট ২০২০ খ্রিঃ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.১৯-২৮৯**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | সুজন সরকার (১৭৪৯০)<br>নিজ জেলা : খুলনা<br>স্পাউসের জেলা : বাগেরহাট। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০৭-২০২০ তারিখের-০৫.০০.০০০০.১৩৯.১৯.০০১.১৯. ১৫৪ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্তকৃত)। | উপজেলা নির্বাহী অফিসার মুজিবনগর, মেহেরপুর। |

২। উক্ত কর্মকর্তা ০৫-০৮-২০২০ তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন ভাতাদি প্রদান করা হয়নি।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার**
বিভাগীয় কমিশনার।

---

**সাধারণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ জুলাই ২০২০ খ্রিঃ

নং **০৫.৪৪.০০০০.০০১.২০.০০৯.২০-২৯৪**—১৯৩৭ সালের জেল কোড (১ম খণ্ড) এর ৫৬ (১) ধারা মোতাবেক নিম্নেবর্ণিত ০২ (দুই) জন মাননীয় জাতীয় সংসদ সদস্য এবং ৫৬ (২) ধারা মোতাবেক ০৫ (পাঁচ) জন গণ্যমান্য ব্যক্তিবর্গকে জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া এঁর প্রস্তাব অনুযায়ী কুষ্টিয়া জেলা কারাগারে আগামী ০২ (দুই) বছরের জন্য বেসরকারি কারা পরিদর্শক হিসেবে এতদ্বারা নিয়োগ করা হলো :

| ক্রমিক নং | মাননীয় সংসদ সদস্যবৃন্দ ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গের নাম | পদবি/ঠিকানা |
|---|---|---|
| ১. | জনাব মো: মাহবুব উল আলম হানিফ | মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুষ্টিয়া-৩ |
| ২. | জনাব সেলিম আলতাফ জর্জ | মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুষ্টিয়া-৪ |
| ৩. | জনাব হাজী রবিউল ইসলাম | পিতা-মৃত আব্দুল গফুর, সাং-১৮০/১, নূর উদ্দিন আহমেদ রোড, মিলপাড়া, কুষ্টিয়া। |
| ৪. | জনাব মো: আজগর আলী | পিতা-মৃত জসিম উদ্দিন জোয়াদ্দার, সাং-খোদাদাদ খান সড়ক, থানাপাড়া, কুষ্টিয়া। |
| ৫. | জনাব আলহাজ্ব গোলাম মহসিন | পিতা-মৃত গোলাম মহিউদ্দিন, সাং-২/৩, নৃপেন্দ্র নারায়ণ রায় চক্রবর্তী লেন, আমলাপাড়া, কুষ্টিয়া। |
| ৬. | এ্যাড: আ.স.ম. আখতারুজ্জামান মাসুম | পিতা-মৃত আ.স.ম. নূরুজ্জামান, ১০নং জোয়ার্দার সড়ক, থানাপাড়া, কুষ্টিয়া। |
| ৭. | এ্যাড: অনুপ কুমার নন্দী | পিতা-স্বর্গীয় অচিন্ত কুমার নন্দী, সাং-শিখ আব্দুল গফুর সড়ক, আমলাপাড়া, কুষ্টিয়া। |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার**
বিভাগীয় কমিশনার।

**আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর**
**(আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ)**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ২৬ জুলাই ২০২০ খ্রিঃ

নং **২৬.০৩.১১০০.০০৫.১৮.০৩.১৮-৭০৯১/৭**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ দপ্তরের গণবিজ্ঞপ্তি নং ১০৩ (২০১৫-২০১৮)/আমদানি; তারিখ : ১৫-০৫-২০১৯ খ্রিঃ মোতাবেক বাণিজ্যিক আইআরসি নং ব-০১৮৫০৫১ হতে ০১৮৫১০০, ব-০১৮৫১০১ হতে ০১৮৫১৫০, ব-০১৮৫১৫১ হতে ব-০১৮৫২০০ এবং ব-০১৮৫২০১ হতে ০১৮৫২৫০ বাতিল করা হয়েছিল। প্রতিষ্ঠানের আবেদনক্রমে পরীক্ষান্তে সঠিক পাওয়ায় বাতিলকৃত আইআরসি নং ব-০১৮৫১৩৫ ও নবায়ন বই নং বা-৭৯৫২৬, তারিখ : ০৬-০৫-২০০৯ খ্রিঃ পুনঃ বহাল করা হলো।

**মফিজুল সরদার**
নির্বাহী অফিসার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে।

---

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ০১ জুন ২০২০ খ্রিঃ

নং **২৬.০৩.১১০০.০০১.০০.০০৫.০৮৭.১৪-৭০৫৯(৩)**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, ঠিকানাঃ বাড়ী-৭১/এ এবং ৭১, রোড-৫/এ, ধানমন্ডি, ঢাকা এর অনুকূলে এ দপ্তর হতে ইতোপূর্বে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং ব-০১৮৯৩০২ এর পরিবর্তে OLM এর মাধ্যমে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১০৮৪০১২০, তারিখ: ০২-০১-২০২০ খ্রিঃ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে এতদ্বারা বাতিল করা হলো।

২। বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং ব-০১৮৯৩০২ এর পরিবর্তে OLM এর মাধ্যমে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১০৮৪০১২০ তারিখ: ০২-০১-২০২০ খ্রিঃ এর অনুকূলে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা বিদ্যমান আমদানি নীতি-আদেশের পরিপন্থী বলে গণ্য হবে।

**মোহাম্মদ গোলাম মস্তফা**
নির্বাহী অফিসার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে।

---

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**

অফিস আদেশ

তারিখ : ১০ আগস্ট ২০২০

নং **৫৮.০২.০০০০.০০৬.১৮.৭১৩.১৮-২৫০০**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রেষণে কর্মরত জনাব এস এম জাকির হোসেন (পরিচিতি নং-৫৬৮৪), পরিচালক (যুগ্মসচিব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর-০৫.০০.০০০০.১৩১.০০.১৯.০০২.২০-৪৭৩, তারিখ : ২৭-০৭-২০২০ খ্রিঃ মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যুগ্মসচিব পদে বদলি করা হয়। উক্ত প্রজ্ঞাপনাদেশের প্রেক্ষিতে তাকে ১০ আগস্ট ২০২০ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে অবমুক্ত করার জন্য সুরক্ষা সেবা বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়।

০২। এমতাবস্থায়, জনাব এস এম জাকির হোসেন (পরিচিতি নং-৫৬৮৪), পরিচালক (যুগ্মসচিব) কে অদ্য ১০-০৮-২০২০ খ্রিঃ তারিখ অপরাহ্নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে অবমুক্ত করা হলো।

**মোহাম্মদ আহসানুল জব্বার**
মহাপরিচালক।

**পুলিশ সুপারের কার্যালয়, চাঁদপুর।**

**অফিস আদেশ**

তারিখ : ৩০ জুন ২০২০ খ্রিঃ

নং **গোপঃ/০৭/২০২০/৯৭৩(১৫)**—জনাব মোঃ আব্দুস সামাদ, পিপি-৬০৭৮০৯৪৭৬৫, সশস্ত্র পুলিশ পরিদর্শক, পুলিশ লাইন্স, চাঁদপুরকে চট্টগ্রাম রেঞ্জ অফিস স্মারক নং-হিসাব/পেনশন/০৫-২০১৪ (অংশ)/৬৮০৪(৭) তারিখ : ১৭-০৬-২০১৯ খ্রিঃ মূলে ০১-০৭-২০১৯ খ্রিঃ তারিখ হতে ৩০-০৬-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ বৎসর বা ১২ (বার) মাসের পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হয়। সে মোতাবেক তিনি ৩০-০৬-২০১৯ খ্রিঃ তারিখ অপরাহ্নে সশস্ত্র পুলিশ পরিদর্শকের দায়িত্বভার হস্তান্তর করেন ও ০১-০৭-২০১৯ খ্রিঃ তারিখ হতে পিআরএল ছুটিতে রওয়ানা হন। তিনি পিআরএল ছুটি ভোগ শেষে অদ্য ৩০-০৬-২০২০ খ্রিঃ তারিখ অত্রাফিসে যোগদান করেন। নিয়মানুযায়ী তাকে ০১-০৭-২০২০ খ্রিঃ তারিখ হতে চূড়ান্ত অবসর প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক সব আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

তিনি অবসরকালীন সময়ে নিম্নবর্ণিত ঠিকানায় বসবাস/অবস্থান করবেন :

**স্থায়ী ও বর্তমান ঠিকানা ঃ** জনাব মোঃ আব্দুস সামাদ, সশস্ত্র পুলিশ পরিদর্শক (অবঃ), পিতা-মৃত বজলুর রহমান, সাং-পাঁচড়া, ডাকঘর-চড়ানাল, থানা-বুড়িচং, জেলা-কুমিল্লা। মোবাইল-০১৮১৬-০৪৫০৬৪ ও ০১৬৪৭-৫৬৬৫৩৩।

**মোঃ মিজানুর রহমান**
অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অপরাধ)
(পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত)
পক্ষে পুলিশ সুপার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**এল এ কেস নং-০২/২০১৯-২০**
**ফরম 'ডি'**
**[ ৫নং বিধি দ্রষ্টব্য ]**
**ঘোষণা**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) ও সিআইডি, গাজীপুর জেলা কার্যালয়ের প্রশাসনিক ভবন এবং অন্যান্য স্থাপনা নির্মাণের লক্ষ্যে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলা-গাজীপুর, উপজেলা-গাজীপুর সদর, মৌজা-কুনিয়া, জেএল নং ৩৫।

| আর এস দাগ | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৮৮৭ | ১.০০ |
| মোট = | ১.০০ একর |

**মোহাম্মদ মশিউর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব ও এলএ)।

**জেলা প্রশাসকের কার্যালয়, এল.এ শাখা, কুমিল্লা।**
**অধিগ্রহণের ঘোষণা/গেজেট বিজ্ঞপ্তি ১৩(২) ধারার অধীনে**
**২০১৯-২০২০ খ্রিঃ সনের সম্পত্তি অধিগ্রহণ মামলা নং-১৫**
**ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, "সদর দক্ষিণ উপজেলায় ট্যুরিস্ট পুলিশ কুমিল্লা জোন এর অফিস ভবন নির্মাণ" এর জন্য উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা : কৃষ্ণপুর, জে এল নং-১০৬, উপজেলা : সদর দক্ষিণ, জেলা : কুমিল্লা।

| বি.এস খতিয়ান নং | বি.এস দাগ নং | রেকর্ডীয় শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একর) | আংশিক/পূর্ণ | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|
| ৭৭ | ৪২৫ | নাল | ১.১৮০০ | আংশিক | ০.৪৮৩৮ |
| ৫৩ | ৪২৬ | নাল | ০.০৩০০ | আংশিক | ০.০১৬২ |
| | | মোট | | | ০.৫০০০ একর |

মোট জমির পরিমাণ : ০.৫০০০ একর।

অধিগ্রহণকৃত ভূমির নক্সা এল এ শাখা কুমিল্লায় সংরক্ষিত আছে।

**মোঃ আবুল ফজল মীর**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি।**
**(এল এ শাখা)**
**এল এ কেস নং ০১/২০১৭-১৮**
**[১৩(২) ধারা মোতাবেক]**
**ঘোষণা**

এ মর্মে সিদ্ধান্ত হয়েছে যে নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১৩(২) ধারা অনুসারে ০১/২০১৭-১৮ নং এল. এ কেসের মাধ্যমে অধিগ্রহণকৃত ঝালকাঠি জেলাধীন রাজাপুর উপজেলায় "উপজেলা ও ইউনিয়ন সড়কে বৃহৎ ব্রীজ নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায়" ব্যাপারী বাড়ি কালভার্ট হতে হালদারখালী সড়কের ১৮০০.০০মিঃ চেইনেজে ১৭৫.২০মিঃ দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ ও ২৪৩.০০মিঃ এ্যাপ্রোচ সড়ক নির্মাণের জন্য ৩৮ নং নলবুনিয়া ও ৩৯ নং কানুদাসকাঠি মৌজার সর্বমোট ১.৪৩৫৭ একর জমির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে বা ক্ষতিপূরণ প্রদান করা হবে অনুমিত হচ্ছে এবং উক্ত জমি প্রত্যাশী সংস্থাকে দখল হস্তান্তর করা হয়েছে। এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১৩(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো।

০১। জেলা : ঝালকাঠি, উপজেলা : রাজাপুর, মৌজা : ৩৮ নং নলবুনিয়া।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১ | ১৮ | ০.২৯৫৯ |
| ৫৫৭ | ০৩ | ০.১১৭০ |
| ৫৪০, ১৯ | ০৪ | ০.৩৩২৭ |
| ৯০ | ০৬ | ০.১২১০ |
| ৫৬০, ৪৭৫, ২৩০ | ০৯ | ০.০৯৫১ |
| ৩৪২, ৩৮৭, ৩৭৬ | ১০ | ০.০৮৮৭ |
| ৫৫৭ | ২ | ০.০২০ |
| ৬৮৯, ৭০১ | ১৮/৭৬৮ | ০.২৮২৫ |
| | সর্বমোট = | ১.৩৫২৯ একর |

০২। জেলা : ঝালকাঠি, উপজেলা : রাজাপুর, মৌজা : ৩৯ নং কানুদাসকাঠি।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১১৬, ১৫০০, ২১৬৫ | ৬২৭ | ০.০৬৪৫ |
| ৬৮৪, ২৮৯৬, ২৮৯৭ | ৬২৮ | ০.০১৮৩ |
| | সর্বমোট = | ০.০৮২৮ একর |

সর্বমোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ :

| মৌজা | জে. এল নং | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| নলবুনিয়া | ৩৮ | ১.৩৫২৯ |
| কানুদাসকাঠি | ৩৯ | ০.০৮২৮ |
| | সর্বমোট = | ১.৪৩৫৭ একর |

অধিগ্রহণকৃত জমির নক্সা, ঝালকাঠি জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**মোঃ জোহর আলী**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল. এ কেস নং-১১/২০১৮-১৯**
**ফরম-'ঘ'**
**(৬নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১৩(২) ধারার অধীনে]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১(২)ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা ঃ মৌলভীবাজার, উপজেলা ঃ মৌলভীবাজার সদর, মৌজা ঃ বর্ষিজোড়া, জে.এল নং-১০৫।

| খতিয়ান নং (আর.এস) | দাগ নং (আর.এস) | শ্রেণি | দাগে মোট জমি (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ৯২২ | ৪৮৫৯ | বাড়ী | ০.৩৮৪৪ | ০.০৭১৬ |
| | ৪৮৬০ | বাড়ী | ১.৪০৪০ | ০.৯২৮৪ |
| | | | সর্বমোট অধিগ্রহণকৃত জমি = | ১.০০০০ একর |

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**মল্লিকা দে**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**এল. এ কেস নং-১২/২০১৮-১৯**
**ফরম-'ঘ'**
**(৬নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১৩(২) ধারার অধীনে]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১(২)ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা ঃ মৌলভীবাজার, উপজেলা ঃ কুলাউড়া, মৌজা ঃ কুলাউড়া, জে.এল নং-৫৬।

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | শ্রেণি | দাগে মোট জমি (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ২৪, ৫১ | ১১৯৬ | চারা | ০.১০ | ০.১০ |
| | ১১৯৭ | চারা | ০.১৯ | ০.১৯ |
| " | ১১৯৮ | চারা | ০.১৩ | ০.১৩ |
| " | ১১৯৯ | চারা | ০.১৮ | ০.১৮ |
| সর্বমোট অধিগ্রহণকৃত জমি = | | | | ০.৬০ একর |

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**মল্লিকা দে**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা**
**এল. এ (সাঃ) শাখা**
**কেস নং এল.এ (সাঃ) ০৭/২০১৮-১৯**
**ফরম-ডি**
**[১৩(২) ধারা মোতাবেক]**

**ঘোষণাপত্র**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে মর্মে গণ্য করা হয়েছে।

সেহেতু, এক্ষণে, বর্ণিত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি এতদ্বারা ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হয়েছে এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সম্পূর্ণরূপে সরকারের অনুকূলে অর্পিত হয়েছে।

**তফসিল**

মৌজা : নলিয়ান, জে. এল নম্বর : ১২, উপজেলা-দাকোপ, জেলা : খুলনা।

| খতিয়ান নম্বর (আর.এস) | দাগ নম্বর (আর.এস) | জমির শ্রেণি (খতিয়ান মোতাবেক) | দাগে মোট জমি (একরে) | প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৮০, ৩৬৪, ৭৩৭, ৭৭৭ | ১১৯৬ | বিলান | ০.৮২ | ০.৩০ | আংশিক |
| ১৪২, ৭৩৭, ৭৯৮ | ১১৯৭ | বিলান | ১.৭৮ | ০.৩৬ | আংশিক |
| ১৫৩ | ১১৯৯ | বাড়ি | ১.৮৩ | ০.০৫ | আংশিক |

মোট = ০.৭১ একর

**মোহাম্মদ হেলাল হোসেন** পিএএ
জেলা প্রশাসক।

**কেস নং- এল. এ (সাঃ) ০২/২০১৭-১৮**

**ফরম-ডি**

**[১৩(২) ধারা মোতাবেক]**

**ঘোষণাপত্র**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে মর্মে গণ্য করা হয়েছে।

সেহেতু, এক্ষণে, বর্ণিত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি এতদ্বারা ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হয়েছে এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সম্পূর্ণরূপে সরকারের অনুকূলে অর্পিত হয়েছে।

**তফসিল**

মৌজা : খোলাবাড়িয়া, জে. এল নম্বর : ৮৮, উপজেলা-বটিয়াঘাটা, জেলা : খুলনা।

| খতিয়ান নম্বর (আর.এস) | দাগ নম্বর (আর.এস) | জমির শ্রেণি (খতিয়ান মোতাবেক) | দাগে মোট জমি (একরে) | অধিগৃহীত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৭১ | ৩২৮ | বিলান | ৬.৪৫ | ১.০০ | আংশিক |

মোট = ১.০০ একর

**মোহাম্মদ হেলাল হোসেন** পিএএ
জেলা প্রশাসক।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৬ জুলাই ২০২০

নং **০৫.৪১.৪৮৭৯.০০০.০৩.০৬২.১৬-৬৭৬**—কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন ০৭ নং নারান্দী ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ মালেক গত ১৬ জুলাই ২০২০ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার রাত ৯.০০টায় স্টোকজনিত কারণে মৃত্যুবরণ করিয়াছেন মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুল ইসলাম নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে অবহিত করেছেন।

এমতাবস্থায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১) (ঙ) এবং ৩৫(২) ধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ নাহিদ হাসান, উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ অত্র ০৭ নং নারান্দী ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য পদটি গত ১৬ জুলাই ২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ নাহিদ হাসান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৭/০৯ আগস্ট ২০২০

নং **০৫.৪৫.৬১২০.০০৩.৫৫.০০২.২০-৫৯৭**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত ধারা ৩৫ এর (২) উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি আশরাফুল ছিদ্দিক, উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া ময়মনসিংহ সর্ব সাধারণের অবগতির জন্য এ মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, ফুলবাড়ীয়া উপজেলাধীন ৪নং বালিয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আশরাফ উজ্জামান, পিতা মৃত-আব্দুল হালিম সরকার, মাতা-মোছাঃ রোকেয়া বেগম, গ্রাম-মেহেরগাঁও, পোঃ-মোহাম্মদনগর বাজার, উপজেলা-ফুলবাড়ীয়া, জেলা-ময়মনসিংহ গত ০৮-০৮-২০২০ খ্রিঃ তারিখ রোজ-শনিবার সকাল ৬.০০ ঘটিকায় ময়মনসিংহ শহরে নিজ বাসায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি......................রাজিউন)।

বর্ণিত অবস্থায় জনাব আশরাফ উজ্জামান, পিতা মৃত-আব্দুল হালিম সরকার, মাতা : মোছাঃ রোকেয়া বেগম, গ্রাম-মেহেরগাঁও, পোঃ-মোহাম্মদনগর বাজার এর মৃত্যুজনিত কারণে ফুলবাড়ীয়া উপজেলাধীন ৪নং বালিয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদটি শূন্য ঘোষণা করা হল।

**আশরাফুল ছিদ্দিক**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রাজবাড়ী সদর, রাজবাড়ী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৭ জুলাই ২০২০

নং **০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৮.০০৪.২০২০-৮৭৬**—এতদ্বারা রাজবাড়ী সদর উপজেলাধীন বসন্তপুর ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য জনাব মোঃ ইয়াকুব আলী ব্যাপারী গত ০৯-০৭-২০২০ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার আনুমানিক দুপুর ১২.০০ ঘটিকার সময় বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন (ইন্নলিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন) তাঁর মৃত্যু জনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ২ উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি জনাব মোঃ সাঈদুজ্জামান খান, উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বসন্তপুর ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ সাঈদুজ্জামান খান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বুড়িচং, কুমিল্লা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১০ আগস্ট ২০২০

নং **০৫.৪২.১৯১৮.০০০.০৩.০০৫.১৯-৪১৬**—এ মর্মে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বুড়িচং উপজেলাধীন ৫নং পীরযাত্রাপুর ইউনিয়নের সংরক্ষিত-২নং ওয়ার্ডের (ওয়ার্ড নং ৪, ৫, ৬) মহিলা সদস্য মোসাঃ রুফিয়া বেগম ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ০২-০৮-২০২০ তারিখ রবিবার রাত্র ১১-০০ ঘটিকায় মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (সংশোধিত-২০১০) এর ৩৫ (ঙ) ধারা মোতাবেক ০২-০৮-২০২০ তারিখ হতে উক্ত পদটি শূন্য ঘোষণা করা হলো।

**ইমরুল হাসান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বরুড়া, কুমিল্লা।**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৭/১২ জুলাই ২০২০

নং **০৫.৪২.১৯০৯.০০.০০.০১৯.২০.৮৩৮**—কুমিল্লা জেলাধীন বরুড়া উপজেলার ১৩ নং আদ্রা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ ফজলুল হক, পিতা-মৃত মোঃ ইউনুছ মিয়া, সাং-পেরপেটি, ডাক-পেরপেটি বাজার, বরুড়া, কুমিল্লা গত ১২-০৭-২০২০ খ্রিঃ তারিখ রোজ-বুধবার বিকাল ০৩.১৫ মিনিট কুমিল্লা

টাওয়ার হাসপাতালে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। (ইন্না লিল্লাহে........... রাজেউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ আনিসুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা ১২ জুলাই, ২০২০ তারিখ হতে আদ্রা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করলাম।

তারিখ : ১৫ আষাঢ় ১৪২৭/২৯ জুন ২০২০

নং **০৫.৪২.১৯০৯.০০.০০.০১৯.২০-৮৫৫**—কুমিল্লা জেলাধীন বরুড়া উপজেলার পয়ালগাছা ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আনোয়ার হোসেন, পিতা-মৃত মোঃ ইসমাইল, গ্রাম-কাজকামতা, ডাক : পয়ালগাছা, বরুড়া, কুমিল্লা ব্রেইনস্টোকে আক্রান্ত হয়ে গত ২৯-০৬-২০২০ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় নিজ বাড়িতে মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহে............... রাজেউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ আনিসুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা ২৯ জুন, ২০২০ তারিখ হতে পয়ালগাছা ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ আনিসুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রাউজান, চট্টগ্রাম।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৫ আগস্ট ২০২০

নং **০০.০০.১৫৭৪.০০০.০৬.০১৪.২০-৬৫০**—এতদ্বারা সর্ব-সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার ০৩ নং চিকদাইর ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের সাধারণ আসনের নির্বাচিত সদস্য জনাব মোঃ হোসেন, পিতা-মৃত আবদুল খালেক, সাং-চিকদাইর (হাজী আবদুল জলিল সারাং বাড়ী), রাউজান, চট্টগ্রাম গত ২৭-০৭-২০২০ খ্রিঃ তারিখে ইন্তেকাল করেছেন (ইন্নাল্লিাহে.............রাজেউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫ (২) এর (১) উপধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি জোনায়েদ কবীর সোহাগ, উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রাম এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার ০৩নং চিকদাইর ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডে সাধারণ আসনের ইউ, পি সদস্য পদটি ০৫-০৮-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**জোনায়েদ কবীর সোহাগ**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বড়লেখা, মৌলভীবাজার**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৯ আগস্ট ২০২০

নং **০৫.৪৬.৫৮১৪.০০২.০৫.০০৪.১৯.৪৯৭**—চেয়ারম্যান ৫নং দক্ষিণ শাহবাজপুর ইউনিয়ন পরিষদ, বড়লেখা, মৌলভীবাজার এর স্মারক নং ২০২০-২০২১/১২৫, তারিখ : ০৯-০৮-২০২০খ্রি. মোতাবেক মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলার ৫নং দক্ষিণ শাহবাজপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম বিগত ২১-০৭-২০২০খ্রি. তারিখে নিজ বাড়ীতে বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ৩৫(১)(ঙ) ধারায় এবং ৩৫(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ শামীম আল ইমরান, উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, মৌলভীবাজার ০৫নং দক্ষিণ শাহবাজপুর ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের "সাধারণ সদস্য" পদটি ২২-০৭-২০২০খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ শামীম আল ইমরান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বরগুনা সদর, বরগুনা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৭/০৯ আগস্ট ২০২০

নং **০৫.১০.০৪২৮.০০২.০২.০০৪.২০-৪৫৯**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) এবং ৩৫(২) নং বিধির প্রদত্ত ক্ষমতাবলে আমি মাসুমা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, বরগুনা সদর উপজেলাধীন ৬নং বুড়িরচর ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ মোশাররফ হোসেন ফরাজী গত ০৬-০৮-২০২০ তারিখ স্ট্রোকজনিত কারণে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

এমতাবস্থায়, ৬নং বুড়িরচর ইউনিয়ন পরিষদের ০১ ওয়ার্ডের সদস্য পদটি ০৭-০৮-২০২০ তারিখ হতে শূন্য বলে ঘোষণা করলাম।

**মাসুমা আক্তার**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কিশোরগঞ্জ, নীলফামারী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৯ আগস্ট ২০২০

নং **০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৩৮.২০-৮৪২**—সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করছি যে, নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার পুটিমারী ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য মোছাঃ নাজনিন বেগম গত ০৫-০৭-২০২০ খ্রিঃ তারিখ দিবাগত রাত অনুমান ১০.৪৫ ঘটিকায় ডায়াবেটিস রোগ-

জনিত কারণে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারা মোতাবেক পদটি শূন্য হওয়ায় একই আইনের ৩৫ ধারার (২) উপ-ধারা (১) অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে বর্ণিত সংরক্ষিত আসনের সদস্যের মৃত্যুজনিত কারণে আমি মোছাঃ রোকসানা বেগম, উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী পুটিমারী ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য পদটি ০৬-০৭-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোছাঃ রোকসানা বেগম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**উলিপুর, কুড়িগ্রাম।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৫ শ্রাবণ ১৪২৭/৩০ জুলাই ২০২০

নং **০৫.৪৭.৪৯৯৪.০০০.০৮.০১৩.২০-৫৮৬(২০)**—উলিপুর উপজেলাধীন ০৩নং দূর্গাপুর ইউনিয়ন পরিষদের ২২-০৭-২০২০ খ্রিঃ তারিখের ইউপিকা/দূর্গা/উলি/কুড়ি/২০২০-৭৫নং স্মারক পত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য জনাব মোঃ শাহাজাদা, পিতা-মোঃ দেলোয়ার হোসেন, গ্রাম-গোড়াই ছড়ার পাড়, ইউনিয়ন-০৩ নং দূর্গাপুর, উপজেলা-উলিপুর, জেলা-কুড়িগ্রাম গত ২০-০৭-২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৩.৪৫ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করায় ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা অনুসারে আমি মোঃ আব্দুল কাদের, উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, উলিপুর উপজেলার ০৩নং দূর্গাপুর ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ২০-০৭-২০২০ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ আব্দুল কাদের**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**গাংনী, মেহেরপুর**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৯ শ্রাবণ ১৪২৭/০৩ আগস্ট ২০২০

নং **০৫.৪৪.৫৭৪৭.০০০.০২৩.০১.২০২০-৬১৮**—এ মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার অন্তর্গত গাংনী উপজেলার ০৮নং ধানখোলা ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ জাফর আলী গত ৩০-০৭-২০২০ তারিখ সকাল ৮.৩০ ঘটিকায় অসুস্থজনিত কারণে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেছেন। (ইন্না লিল্লাহি...........রাজেউন)।

২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫(২) ক্ষমতাবলে আমি আর এম সেলিম শাহনেওয়াজ, উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর এ উপজেলার ০৮ নং ধানখোলা ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের পুরুষ আসনের সদস্য এর পদটি ৩০-০৭-২০২০ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**আর এম সেলিম শাহনেওয়াজ**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ আশ্বিন ১৪২৭/১৭ সেপ্টেম্বর ২০২০

**নং ০৫.০৪.০০০০.০০৯.৩৫.০০২.১৭/১৩৫২**—মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের (কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ এর ৬(৩) নম্বর বিধি মোতাবেক নিম্নোক্ত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত পদে চাকুরি স্থায়ী করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রথম চাকরিতে যোগদানের তারিখ ও পদ | বর্তমান পদে যোগদানের তারিখ | যে তারিখ হতে চাকুরি স্থায়ী করা হলো |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মোঃ শাহজালাল<br>ম্যানেজার<br>বাংলাদেশ স্টেশনারী অফিস। | ২০-০৮-১৯৮৭<br>হিসাব সহকারী | ২৯-০৫-২০১৯ | ২৯-০৫-২০১৯ |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**আবু ফাহাদ মোঃ সোহাগ**
সহকারী পরিচালক (প্রশাসন-১)।